ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 22 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৭৮ ● কলকাতা ● ১৭ আষাঢ়, ১৪৩২ ● বুধবার ● ০২ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# দুর্নীতি দেখলে আমরা চোখ বন্ধ করে থাকব?

## চাকরি বাতিল মামলায় প্রশ্ন বিচারপতির



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কিছুদিন আগেই সুপ্রিম নির্দেশ বাতিল হয়ে গিয়েছে রাজ্যের প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীদের চাকরি। তা নিয়ে চাপানউতোর শেষ হওয়ার আগেই এবার আদালতে ঝুলছে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের ভবিষ্যত। এদিন ছিল শুনানি। সেখানে বড় কথা বলে দিলেন বিচারপতি তপোব্রত চক্রবর্তী। আদালত যদি দেখে যে যথেচ্ছ দুর্নীতি হচ্ছে, প্রশাসনিক কর্তারা যুক্ত আছেন, মন্ত্রী যুক্ত আছেন তখন আমরা কী করব?তবে এ রায় কোনওভাবেই মানতে চায়নি রাজ্য। অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশের বিরুদ্ধে সোজা ডিভিশন বেঞ্চে আপিল করে রাজ্য। কিন্তু গত ৭ এপ্রিল এই মামলার শুনানি থাকলেও ব্যক্তিগত কারণ দেখিয়ে এই মামলা থেকে সরে দাঁড়ান বিচারপতি সৌমেন সেন। তবে এদিন সব পক্ষের সওয়াল শেষ হয়নি। পরবর্তী শুনানি হতে চলেছে আগামী বৃহস্পতিবার। কিন্তু সেদিনই কী পাকাপাকিভাবে শেষ হতে পারে শুনানি? তাকিয়ে মামলাকারীরা।প্রসঙ্গত, দীর্ঘায়িত শুনানির মধ্যে এদিন সওয়াল করতে দেখা যায় প্রাথমিক শিক্ষকদের আইনজীবীকে। এই সব শিক্ষকদেরই চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তাঁদের উদ্দেশ্যেই বিচারপতি তপোব্রত চক্রবর্তীর স্পষ্ট প্রশ্ন, যদি একজন বিচারপতি দেখেন যে টাকার বিনিময়ে চাকরি দেওয়া হয়েছে,

এরপর ৬ পাতায়






# রাজ্য স্তরের ভলিবল খেলোয়াড়ের ঝুলন্ত দেহ উদ্ধার,চাঞ্চল্য ছড়াল ডুয়ার্সের ধূপগুড়িতে



**হরেকৃষ্ণ মণ্ডল, ডুয়ার্স:**

শোকের ছায়া নেমে এল ধূপগুড়ি মহকুমা জুড়ে। ঘরের ভেতরে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হল এক তরুণ ভলিবল খেলোয়াড়ের মৃতদেহ। মৃত যুবকের নাম অমিত রায় (২১)তিনি ঝাড় আলতা ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত উত্তর কাঠুলিয়া গ্রামের বাসিন্দা।

সকালে এই মর্মান্তিক ঘটনাটি প্রকাশ্যে আসে। পরিবারের সদস্যদের সূত্রে জানা গিয়েছে, ওই দিন সকালে অমিতের মা কবিতা রায় ঘরে ছেলেকে ডাকতে গিয়ে দেখেন, ঘরের ভেতরে ফাঁস লাগানো অবস্থায় ঝুলছে তাঁর ছেলে। মুহূর্তেই ভেঙে পড়েন তিনি। তার চিৎকারে ছুটে আসেন প্রতিবেশীরা। পরে খবর দেওয়া হয় ডাউকিমারি ফাঁড়ির পুলিশকে।

খবর পেয়ে ডাউকিমারি ফাড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ধূপগুড়ি মহকুমা হাসপাতালে নিয়ে যায় সেখান থেকে জলপাইগুড়ি মর্গে পাঠায় ময়নাতদন্তের জন্য। প্রাথমিকভাবে ঘটনাটি আত্মহত্যা বলেই মনে করা হচ্ছে। তবে কী কারণে এমন চরম পদক্ষেপ নিল অমিত, তা নিয়ে ধোঁয়াশায় পরিবার ও স্থানীয়রা।

স্থানীয়রা জানান, ছোটবেলা থেকেই ভলিবলে দক্ষ ছিল অমিত। পড়াশোনার পাশাপাশি খেলাধুলার প্রতি তার আগ্রহ ছিল বরাবরের। বিভিন্ন জায়গায় হায়ারে গিয়ে খেলত, পুরস্কার জিতে ফিরত। স্বপ্ন ছিল ভারতের জাতীয় দলের হয়ে খেলবে একদিন। সেই স্বপ্নপূরণের আগেই আচমকা এমন মৃত্যুতে শোকস্তব্ধ সকলেই।

অমিত ছিলেন ধূপগুড়ির প্রতিষ্ঠিত জনকল্যাণ ক্লাব ও পাঠাগারের সদস্য ও বিশিষ্ট খেলোয়াড়। সেখান থেকেই শুরু হয়েছিল তার ভলিবল প্রশিক্ষণ। সেদিন তার খেলার জগতে উঠে আসা জনকল্যাণ ক্লাব পাঠাগারে ক্লাব সদস্য ও স্থানীয় খেলোয়াড়দের নিয়ে স্মরণসভার আয়োজন করা হয়।

ধূপগুড়ি মর্নিং ফুটবল একাডেমির পক্ষ থেকে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

তরুণ বয়সেই এমন সম্ভাবনাময় প্রতিভার আকস্মিক মৃত্যুতে স্তব্ধ তার বন্ধুবান্ধব, সহপাঠীরা, প্রশিক্ষক থেকে শুরু করে ক্লাবের সদস্যরাও। অমিতের মতো এক প্রতিভাবান খেলোয়াড়ের এমন পরিণতি শুধু তার পরিবার নয়, গোটা সমাজকেই নাড়া দিয়ে গেল।

পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ স্পষ্ট হবে বলে জানানো হয়েছে।

পাশাপাশি গভীরভাবে শোক প্রকাশ করেছেন খট্টিমারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় কিরা শিক্ষিকা।

# আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নতুন ডায়ালাইসিস ইউনিট চালু,স্বস্তিতে রোগীরা

**হরেকৃষ্ণ মণ্ডল,আলিপুরদুয়ার**



আলিপুরদুয়ার জেলা হাসপাতালে আজ একটি অত্যাধুনিক নতুন ডায়ালাইসিস ইউনিটের উদ্বোধন করা হলো। রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান সুমন কাঞ্জিলাল এই নতুন ইউনিটের উদ্বোধন করেন। এসময় হাসপাতাল সুপার এবং অন্যান্য চিকিৎসকবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন এই ইউনিটে মোট ১০টি ডায়ালাইসিস বেড রয়েছে, যার মাধ্যমে প্রতিদিন প্রায় ৪০ জন রোগী পরিসেবা পাবেন বলে আশা করা হচ্ছে। এই উদ্যোগে ডায়ালাইসিস রোগীরা দারুণ খুশি।উল্লেখ্য, গত পাঁচ বছর ধরে হাসপাতালে পাঁচটি ডায়ালাইসিস মেশিন সচল ছিল। তবে, অত্যধিক ব্যবহারের কারণে সম্প্রতি সবগুলো মেশিনই খারাপ হয়ে যায়, যার ফলে গত কয়েক মাস ধরে জেলা হাসপাতালে ডায়ালাইসিস পরিসেবা বন্ধ ছিল।এখন নতুন দশটি মেশিন চালু হওয়ায় সংশ্লিষ্ট সকলে উচ্ছ্বসিত। এটি আলিপুরদুয়ারের ডায়ালাইসিস রোগীদের জন্য এক বিরাট স্বস্তির খবর।






# সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতি, ঝাড়গ্রাম জেলা পুলিশের তৎপরতায় উদ্ধার ২ কোটি টাকার সোনার গহনা

স্টাফ রিপোর্টার, রোজদিন



মাথায় বন্দুক ঠেকিয়ে ফের সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতি। ভিন রাজ্যের ডাকাতির কিনারা করলো ঝাড়গ্রামের জামবনি থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, সোমবার রাত্রে ঝাড়খণ্ডের চাকুরিয়া থানার অন্তর্গত চাকুলিয়া বাজারে এক সোনার দোকানে বেশ কয়েকজন দুষ্কৃতী সোনার দোকানের মালিকের মাথায় বন্দুক রেখে দু কোটি টাকার সোনার গহনা লুট করে চম্পট দিয়েছিল।গয়না লুট করে চম্পট দেওয়ার পর তৎক্ষণাৎ সোনার দোকানের মালিক চাকুলিয়া থানায় খবর দেয় আর সেই খবরের পরিপ্রেক্ষিতে চাকুলিয়া থানার পুলিশ ঝাড়গ্রাম জেলার জামবনি থানাকে অ্যালার্ট করে। জামবনি থানার পুলিশ ঝাড়খন্ড লাগোয়া বর্ডার গুলোতে নাকা চেকিং শুরু করে তল্লাশি অভিযান চালায়। নাকা চেকিং এ সন্দেহভাজন একটি বাইক পড়িহাটি এলাকায় প্রবেশ করলে পুলিশ তাদের চেকিং চালায়।চেকিং করার সময় তারা পালানোর চেষ্টা করে কিন্তু জামবনি থানার পুলিশ তাদের সাথে সাথে আটক করে। যদিও একটি বাইকে থাকা তিনজনের মধ্যে একজন পালিয়ে যেতে সক্ষম হয়েছিল।পরে আরোও একজনকে গ্রেফতার করে জামবনি থানার পুলিশ। দুজনকে তল্লাশি করার পরই উদ্ধার হয় ডাকাতি হওয়া দু'কোটি টাকার সোনার গহনা। সেই সঙ্গে বাজেয়াপ্ত করা হয় ছিনতাইয়ের কাজে ব্যবহৃত বাইকটি। জামবনি থানার পুলিশের পক্ষ থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।ইতিমধ্যেই পলাতক ব্যক্তির খোঁজে তল্লাশি শুরু করা হয়েছে পুলিশের পক্ষ থেকে। পুলিশ সূত্রে আরও খবর, অভিযুক্ত দের মধ্যে একজন ঝাড়খণ্ড রাজ্যের টাটানগর সংলগ্ন বাগবেরা গ্রামের বাসিন্দা নিরঞ্জন গৌর আরেকজন বিহারেরর ওরঙ্গাবাদ সংলগ্ন রফিক গঞ্জের বাসিন্দা মোহম্মদ রফিক। জামবনি থানার পুলিশ চাকুলিয়া থানার পুলিশের হাতে অভিযুক্তদের তুলে দেয়।ঝাড়গ্রাম জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (অপারেশন) গোলাম সারওয়ার বলেন, ঝাড়গ্রাম জেলার পার্শ্ববর্তী রাজ্য ঝাড়খণ্ডের পুলিশ প্রশাসনের সাথে ঝাড়গ্রাম জেলা পুলিশ প্রশাসনের খুব ভালো সম্পর্ক রয়েছে। বিশেষ করে ঝাড়গ্রাম জেলার সীমান্তবর্তী ঝাড়খণ্ড রাজ্যের থানা গুলির সাথে নিয়মিত যোগাযোগ হয়। প্রতিমাসেই ভার্চুয়ালি রুটিন বৈঠক হয়। ফলে সীমান্তবর্তী এলাকায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে বা অপরাধ মূলক ঘটনা ঘটলে,তাতে দ্রুত পদক্ষেপ করতে উভয় পক্ষের সুবিধা হচ্ছে। এই সূত্রেই সোমবার রাত্রে ঝাড়খণ্ডের চাকুলিয়া থানা সূত্রে প্রায় দু কোটি মূল্যের সোনা ডাকাতির খবর পেয়ে তৎপরতা দেখায় ঝাড়গ্রাম জেলার জামবনি থানার পুলিশ। জামবনি থানার পুলিশ খবর পাওয়া মাত্র এক ঘন্টার মধ্যেই প্রায় দু কোটি টাকার সোনা উদ্ধার করে এবং অভিযুক্তদের গ্রেফতার করে চাকুলিয়া থানার পুলিশের হাতে তুলে দেয় জামবনি থানার পুলিশ।চাকুলিয়ার সোনার দোকানের মালিক অরিজিৎ নন্দী জানান, ডাকাতির এক ঘন্টার মধ্যে দুই দুষ্কৃতী সহ ডাকাতি করে নিয়ে আসা প্রায় দু কোটি টাকার সোনার গয়না উদ্ধার করায় তিনি ঝাড়গ্রাম জেলা পুলিশ ও জামবনি থানার পুলিশকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

## আবারো পরিযায়ী শ্রমিকের মৃত্যু, অথৈয় জলে গোটা পরিবার



পার্থ ঝা,মালদা

ফের ভিন রাজ্যে কাজ করতে গিয়ে মর্মান্তিক মৃত্যু হল এক পরিযায়ী শ্রমিকের। ঘটনাকে কেন্দ্র করে শোকের ছায়া নেমে এসেছে মালদার মানিকচকের নুরপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নিচু তিওরপাড়া এলাকায়। জানা গেছে মৃত ব্যক্তির নাম সুবল চৌধুরী(৪৫)। পরিবারে বৃদ্ধ বাবা,মা স্ত্রী এবং তিনটি কন্যা সন্তান রয়েছে। পরিবারে একমাত্র উপার্জনকারী ছিলেন তিনি। এই অকাল মৃত্যুতে বুকফাটা কান্নায় ভেঙে পড়েছেন পরিবারের লোকজন। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় তিন মাস আগে পুনেতে শ্রমিকের কাজে যান তিনি। সেখানে গিয়ে রাধুনির কাজে যুক্ত হয়। গত শুক্রবার বাজার করে ফেরার পথে পথ দুর্ঘটনায় মৃত্যু হয় সুবলের বলে খবর। এরপর ফোন মারফত পরিবারের লোককে মর্মান্তিক ঘটনার কথা জানানো হয়। মঙ্গলবার বিকাল নাগাদ মৃতদেহ বাড়িতে এসে পৌঁছায়। এমন বেদনাদায়ক ঘটনার জেরে এলাকার জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। একমাত্র পরিবারের উপার্জনকারীর মৃত্যুতে অথই জলে গোটা পরিবার। বর্তমানে তাকিয়ে কোন সরকারি এবং বেসরকারি সাহায্যের দিকে।এই বিষয়েস্থানীয় বাসিন্দা শদাশিব মন্ডল জানান,বিগত তিন মাস আগে পুনেতে শ্রমিকের কাজে যায় সে।এরপর শুক্রবার খবর আসে পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে সুবলের।পরিবারে একমাত্র উপার্জনকারী ছিল।সরকারের কাছে আমাদের অনুরোধ যাতে এই অসহায় পরিবারটিকে সাহায্য করা হোক।

## সম্পাদকীয়

### কলকাতায় জীববৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তন বিষয়ক হ্যাকাথনের সমাপ্তি

ভারতের প্রাণী সর্বেক্ষণ কেন্দ্রের সমীক্ষা বিভাগ (Zoological Survey of India) সোমবার (৩০ জুন, ২০২৫) কলকাতার নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে ১১০তম প্রতিষ্ঠা দিবস পালন করল। এই উপলক্ষে উদ্বোধন করা হল 'অ্যানিমাল ট্যাক্সোনমি সামিট ২০২৫' এবং 'জীববৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তন'-বিষয়ক ১১০ ঘণ্টার হ্যাকাথনের গ্র্যান্ড ফিনালে। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী ভূপেন্দ্র যাদব এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং বিজ্ঞানী, গবেষক ও ছাত্রছাত্রীদের উদ্দেশে বক্তব্য রাখেন।

মন্ত্রী তাঁর মূল ভাষণে জানান যে জীববৈচিত্র্যের পুনরুদ্ধার সরকারের অন্যতম অগ্রাধিকার। তিনি পশুবিদ্যা সমীক্ষা বিভাগকে প্লাস্টিক মুক্ত ভারত অভিযানের আওতায় প্লাস্টিক দূষণের দীর্ঘমেয়াদী প্রভাব নিয়ে গবেষণায় আরও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানান। জেডএসআই-এর পুরোনো নথিপত্র ডিজিটাইজ করার উদ্যোগের প্রশংসা করে মন্ত্রী বলেন, এই প্রতিষ্ঠান কৃষি ও প্রকৃতি-নির্ভর জীবিকাক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখছে এবং পরিবেশনীতি প্রণয়ন ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

মন্ত্রী ঘোষণা করেন, বিপন্ন প্রাণীদের উপগ্রহ-ভিত্তিক পর্যবেক্ষণ এবং বাঘ ও কচ্ছপ সংরক্ষণের আধুনিক পদ্ধতির প্রয়োগে অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে। কলকাতায় অবস্থিত জেডএসআই-এর আধুনিক ফরেনসিক বা অপরাধ সম্পর্কিত ল্যাবের প্রশংসা করে তিনি বলেন, সংরক্ষণের ক্ষেত্রে বুদ্ধিদীপ্ত ও সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।"এক পেড় মা কে নাম" অভিযানের প্রাসঙ্গিকতাও তিনি বিশেষভাবে উল্লেখ করেন।

অনুষ্ঠানে মন্ত্রী 'অ্যানিমাল ডিসকভারিজ ২০২৪', 'প্ল্যান্ট ডিসকভারিজ ২০২৪' এবং 'ফনা অফ ইন্ডিয়া'-র হালনাগাদ তালিকা (সংস্করণ ২.০) প্রকাশ করেন। জাতীয় স্তরের হ্যাকাথনে প্রথম স্থান অধিকার করে হিমাচল প্রদেশের সোলান থেকে অংশগ্রহণকারী হাই অল্টিচুড রিজিওনাল সেন্টার। দ্বিতীয় এবং তৃতীয় স্থান পায় শিলং-এর সেন্ট অ্যান্তনিস কলেজ ও ওড়িশার ফকির মোহন বিশ্ববিদ্যালয়। যথাক্রমে তিনটি দল ১ লক্ষ, ৭৫ হাজার ও ৫০ হাজার টাকা পুরস্কার পায়।

মন্ত্রী এদিন দুটি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারকের সাক্ষী থাকেন—একটি ভারতীয় সেনাবাহিনীর কাউন্টার ইনসার্জেন্সি অ্যান্ড জঙ্গল ওয়ারফেয়ার স্কুলের সঙ্গে, হিমালয় অঞ্চলের ভক্ষণযোগ্য ও ওষুধগুণসম্পন্ন প্রাণীদের নিয়ে গবেষণার উদ্দেশ্যে; অপরটি আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ সংস্থা (IUCN)-এর সঙ্গে, আন্তর্জাতিক সহযোগিতা জোরদার ও জাতীয় রেড লিস্টিং উদ্যোগ চালুর লক্ষ্যে।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবেশ মন্ত্রকের বন অধিদপ্তরের মহাপরিচালক ও বিশেষ সচিব শ্রী সুশীল কুমার অবস্থি, যুগ্মসচিব সুমতি নমিতা প্রসাদ, উদ্ভিদ জরিপ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ড. প্রতিভা গুপ্তা, জেডএসআই-এর অধিকর্তা ডঃ ধৃতি ব্যানার্জি এবং জেডএসআই-এর প্রবীণ গবেষক ড. সি. রঘুনাথন।

প্রতিষ্ঠা দিবসের দিনটিতেই শুরু হয়েছে তিন দিনব্যাপী আন্তর্জাতিক প্রাণী শ্রেণীবিন্যাস সম্মেলন, যেখানে শ্রেণীবিন্যাস, প্রাণীবৈচিত্র্য ও পদ্ধতিগত গবেষণা নিয়ে আন্তর্জাতিক ও দেশীয় স্তরের আলোচনা অনুষ্ঠিত হবে। সম্মেলনের সুপারিশসমূহ ভারত সরকারকে জমা দেওয়া হবে।

## তুমি লক্ষ্মী-সরস্বতী



**মৃত্যুঞ্জয় সরদার**
**(একাদশ পর্ব)**



পুরাণ অনুসারে সরস্বতী বিষ্ণু বা নারায়ণের পত্নী। কিন্তু পদ্মপুরাণে তিনি কশ্যপ মুণির পত্নী। শিবপুরাণ আর স্কন্ধপুরাণ মতে সরস্বতী আবার শিবেরও পত্নী । ঋগ্বেদ-পরবর্তী হিন্দু শাস্ত্র আলোচনায় সরস্বতী ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর এই ত্রিদেব-এর পত্নী রূপে বর্ণিত হলেও, অধিক প্রচলিত মতে তিনি নারায়ণ-পত্নী।কোনও কোনও আলোচনায় দেখা যায়, বিষ্ণু বা নারায়ণের তিন স্ত্রী হলেন গঙ্গা, লক্ষ্মী ও সরস্বতী। বিহারীলাল চক্রবর্তী 'সারদামঙ্গল' কাব্যে লিখেছেন, "তুমি লক্ষ্মী-সরস্বতী আমি ব্রহ্মাণ্ডের পতি। হোক গে বসুমতী, যার খুশি তার"। কিন্তু

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## আয়ুষ পদ্ধতির উপর ভিত্তি করে চিকিৎসার জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে: শ্রীমতী মুর্মু

**ডঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক**

গোরখপুর, ১ জুলাই ২০২৫ (এজেন্সি) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে আয়ুষ পদ্ধতির উপর ভিত্তি করে চিকিৎসার জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে এবং মহাযোগী গুরু গোরক্ষনাথ আয়ুষ বিশ্ববিদ্যালয় এর জনপ্রিয়তা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

এখানে মহাযোগী গুরু গোরক্ষনাথ আয়ুষ বিশ্ববিদ্যালয়ের উদ্বোধনকালে, শ্রীমতী মুর্মু জোর দিয়ে বলেন যে এই ধরনের বিশ্ববিদ্যালয়গুলিকে এই পদ্ধতিগুলির বৈজ্ঞানিক গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে নির্ণায়ক ভূমিকা পালন করা উচিত। রাজ্যপাল শ্রীমতী আনন্দী বেন এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি বলেন যে মহাযোগী গুরু গোরক্ষনাথ আয়ুষ বিশ্ববিদ্যালয় আমাদের সমৃদ্ধ প্রাচীন ঐতিহ্যের একটি চিত্তাকর্ষক আধুনিক কেন্দ্র। এর উদ্বোধন কেবল উত্তরপ্রদেশে নয়, সমগ্র দেশে চিকিৎসা শিক্ষা এবং চিকিৎসা পরিষেবার উন্নয়নে একটি অর্জন।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে উন্নত সুযোগ-সুবিধা এখন বিপুল সংখ্যক মানুষের জন্য উন্মুক্ত, জেনে আনন্দিত হলাম। এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রায় ১০০টি আয়ুষ কলেজও এর উৎকর্ষতার সুযোগ নিচ্ছে।

তিনি জনপ্রতিনিধিদের দ্বারা গৃহীত কল্যাণমূলক পদক্ষেপগুলি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রশাসক, ডাক্তার এবং নার্সদের প্রতি আহ্বান জানান। তিনি সকলকে যেকোনো পেশায় প্রবেশের সময় নিজেদের প্রতি করা প্রতিশ্রুতি সম্পর্কে আত্মসমিতি করার পরামর্শ দেন। এল.এস.



## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এরকম টেরাকোটা ফলক পাওয়া গেছে যেখানে পাখীদের একটি পাত্রে খাবার দেওয়া হচ্ছে, যেটার ধর্মীয় অনুষঙ্গ আছে বলে মনে করা যায় (দে এবং দে ৫২৮-৫৩৫)। (পক্ষী)মাতৃকাকে ভোগ নিবেদন করা কাজেই এই হৈমন্তিক উৎসবের বৈশিষ্ট্য। **ক্রমশঃ**

**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর “মন কি বাত” (১২৩ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

## (তৃতীয় পর্ব)

বিষয়ে যা বলেছেন, তা আমাদের অবশ্যই শোনা উচিত,

#অডিও#

ভাই ও বোনেরা, দেশে যা কিছুই হয়েছে, তাকে শুধুই নির্বাচন বলা যায়না। এক শান্তিপূর্ণ বিপ্লব হয়েছে। জনশক্তির প্রবাহ প্রজাতন্ত্রের হত্যাকারীদের ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছে।

বন্ধুরা, দেশে জরুরি অবস্থা জারি হওয়ার ৫০ বছর পূর্ণ হয়েছে কিছু দিন আগেই। আমরা দেশবাসীরা সংবিধান হত্যা দিবস পালন করেছি।আমাদের সর্বদা ওই সমস্ত মানুষদের মনে রাখা উচিত, যারা সাহসের সঙ্গে জরুরি অবস্থার মোকাবিলা করেছিলেন। এর থেকে আমাদের সংবিধানকে সর্বদা শক্তিশালী রাখার জন্য নিরন্তর সজাগ থাকার অনুপ্রেরণা পাই।

আমার প্রিয় দেশবাসী, আপনারা একটি দৃশ্য কল্পনা করুন। সকালের রোদ পাহাড়কে ছুঁয়েছে, ধীরে ধীরে রোদের ঔজ্জ্বল্য ময়দানের দিকে এগিয়ে চলেছে, আর ওই আলোর সঙ্গেই বাড়ছে ফুটবল প্রেমীদের সংখ্যাও। সিটি বাজে এবং কিছুক্ষনের মধ্যে ময়দান হাততালি আর জয়ধ্বনিতে মুখরিত হয় । প্রত্যেক পাস, প্রত্যেক গোলের সঙ্গে দর্শকদের উৎসাহ বাড়তে থাকে। আপনি ভাবছেন এ কেমন সুন্দর জগৎ? বন্ধুরা এই দৃশ্য আসামের এক উল্লেখযোগ্য স্থান বোডোল্যান্ড-এর বাস্তবিক দৃশ্য। বোডোল্যান্ড আজ নিজের এক নতুন রূপ নিয়ে দেশের সামনে দাঁড়িয়ে রয়েছে । এখানকার যুবদের মধ্যে যে শক্তি আছে, যে আত্মবিশ্বাস আছে, তা ফুটবলের ময়দানে সবথেকে বেশি দেখা যায়। বোডো territorial area তে Bodoland CEM Cup এর আয়োজন করা হচ্ছে । এটা শুধুমাত্র একটি টুর্নামেন্ট নয়, এটি ঐক্য আর আশার উৎসবে রূপান্তরিত হয়েছে। ৩৭০০ এর ও বেশী টিম, প্রায় ৭০ হাজার খেলোয়াড়, আর তাতে আমাদের মেয়েদের বড় সংখ্যায় অংশগ্রহণ। এই পরিসংখ্যান বোডোল্যান্ড-এর বড় পরিবর্তনের কাহিনী শোনায়। বোডোল্যান্ড এখন দেশের খেলার মানচিত্রে, স্পোর্টস-এর ম্যাপে নিজের উপস্থিতি আরো উজ্জ্বল করে তুলছে

বন্ধুরা, একটা সময় ছিল যখন সংঘর্ষই এই অঞ্চলের পরিচয় বহন করত। তখন এখানকার যুবা বন্ধুদের জন্য পথ সীমিত ছিল। কিন্তু এখন ওদের চোখে নতুন স্বপ্ন, আর মনে স্বনির্ভরতার উৎসাহ রয়েছে। এখান থেকে তৈরি হওয়া ফুটবল খেলোয়াড়রা এখন উচ্চ স্তরে নিজেদের পরিচিতি তৈরি করছে। হোলীচরণ নার্জারী, দুর্গা বোরো, অপূর্বা নার্জারী, মনবীর বসুমাতারি, এগুলো শুধুমাত্র ফুটবল খেলোয়াড়দের নামই নয়, এঁরা সেই নতুন প্রজন্মের পরিচয় বহনকারী, যাঁরা বোডোল্যান্ডকে ময়দান থেকে রাষ্ট্রীয় মঞ্চ পর্যন্ত পোঁছে দিয়েছেন। এদের মধ্যে কেউ কেউ সামান্য সুযোগ-সুবিধার মধ্যেই অনুশীলন করেছেন, অনেকে কঠিন পরিস্থিতির মধ্যে নিজেদের পথ তৈরি করেছেন, আর আজ এঁদের নাম উচ্চারণ করে দেশের কত ছোট ছোট ছেলেমেয়েরা নিজেদের স্বপ্ন বোনা শুরু করেছে

বন্ধুরা, যদি আমরা নিজেদের ক্ষমতার বিস্তার করতে চাই, তাহলে প্রথমে আমাদের নিজেদের ফিটনেস এবং ওয়েলবিইং-এর বিষয়ে খেয়াল রাখতে হবে। আচ্ছা বন্ধুরা, ফিটনেস এর ক্ষেত্রে, ওবেসিটি কমানোর জন্য আমার একটা পরামর্শ আপনাদের মনে আছে তো! রান্নায় দশ শতাংশ তেল কম ব্যবহার করবেন, স্থূলতা কমবে। যদি আপনি ফিট থাকেন তো জীবন আরও সুপারহিট হবে।

আমার প্রিয় দেশবাসী, আমাদের ভারতবর্ষ যেভাবে নিজের আঞ্চলিকতা, ভাষা এবং সাংস্কৃতিক বৈচিত্র্যের জন্য পরিচিত, সেভাবেই কলা, শিল্প এবং কারিগরি নিপুণতার বৈচিত্র্যও আমাদের দেশের একটি বিশেষ গুণ। আপনি যে অঞ্চলেই যাবেন, সেখানকার কিছু না কিছু বিশেষ এবং স্থানীয় জিনিসের বিষয়ে জানতে পারবেন। মাঝে মাঝেই মন কী বাত অনুষ্ঠানে আমি আমাদের দেশের এমন ইউনিক প্রোডাক্টসের কথা বলি। এমনই একটি প্রোডাক্ট হল মেঘালয়ের এরি সিল্ক। কয়েকদিন আগেই এটি জি আই ট্যাগ পেয়েছে। এরি সিল্ক মেঘালয়ের একটি বিশেষ ঐতিহ্যের মত। এখানকার জনজাতির মানুষেরা

ক্রমশঃ

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# হুগলিতে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় চিকিৎসক দিবস পালন

বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি



১ জুলাই, এদিন ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্ম ও প্রয়াণ দিবসকে স্মরণ করে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে হুগলি জেলার বিভিন্ন অংশে জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়। এই উপলক্ষে রিষড়া পৌরসভার পৌর প্রধান বিজয় সাগর মিশ্রার উদ্যোগে রিষড়া মাতৃসদন হলে প্রথমে ডাক্তার বিধানচন্দ্র রায়ের প্রতিকৃতিতে মাল্যদান করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। চিকিৎসক দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বিভিন্ন বক্তা চিকিৎসকদের পৃথিবীতে ঈশ্বরের রূপ বলে উল্লেখ করলেন। তারা জানান অনেক কঠিন রোগে রোগীদের চিকিৎসা করে নতুন জীবন দেন চিকিৎসকরা। করোনার মতো মহামারীর সময়ে চিকিৎসকরা দিনরাত কাজ করে অনেক মানুষকে বিপদ থেকে বাঁচিয়েছেন। বেশিরভাগ চিকিৎসক জীবনের ঝুঁকি নিয়ে প্রতিকূল পরিস্থিতিতে রোগীদের চিকিৎসার দায়িত্ব পালন করেন। এই পেশা কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার দাবি রাখে। এদিন প্রয়াত প্রখ্যাত চিকিৎসক ডাক্তার বিধানচন্দ্র রায়কে স্মরণ করে তার প্রতিকৃতিতে মাল্য দান করেন রিষরা পৌরসভার পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা। তিনি রিষড়া মাতৃসদন হাসপাতালের সমস্ত ডাক্তারদের একে, একে, পুষ্প স্তবক, উত্তরীয় এবং মিষ্টির প্যাকেট দিয়ে বরণ করে নেন। এই অনুষ্ঠানে শ্রীরামপুরের বিধায়ক ডাঃ সুদীপ্ত রায়, কাউন্সিলর মনোজ সাউ, কাউন্সিলর তাপস সরখেল, কাউন্সিলর শ্রীমতি উষা দেবী সাউ, বিশিষ্ট সমাজসেবক প্রকাশ সাউ, ও অন্যান্য কাউন্সিলর এবং ডাক্তার বাবুরা উপস্থিত ছিলেন। হুগলি জেলার আরামবাগ হাই স্কুলের উদ্যোগে প্রবীণ এবং প্রথিত যথা চিকিৎসক ডাক্তার চিত্তরঞ্জন ঘোষ কে সম্বর্ধনা জানান ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিকাশ চন্দ্র রায় সহ অন্যান্য শিক্ষক শিক্ষিকা বৃন্দ। সারা জেলা জুড়ে ডাক্তার বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিনটিকে চিকিৎসক দিবস হিসাবে যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হয়।

(১ম পাতার পর)

## দুর্নীতি দেখলে আমরা চোখ বন্ধ করে থাকব? চাকরি বাতিল মামলায় প্রশ্ন বিচারপতির

অনিয়ম হয়েছে, দুর্নীতি হয়েছে সেক্ষেত্রে একজন বিচারপতি কী করবেন? চোখ বন্ধ করে থাকবেন? ২০১৪ সালের টেটে উত্তীর্ণ হন রাজ্যের প্রায় ১ লক্ষ ২৫ হাজার প্রার্থী। ২০১৬ সাল থেকে নিয়োগ প্রক্রিয়া শুরুর পর চাকরি দেওয়া হয় ৪২ হাজার ৯৪৯ জনকে। কিন্তু, স্বচ্ছ নিয়োগ হয়নি বলে অভিযোগ। একাধিক 'ত্রুটি' ধরে মামলা হয় কলকাতা হাইকোর্টে। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে মামলা উঠলে তিনি ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল করে দেন। তবে চাকরি বাতিল হলেও শিক্ষকদের স্কুলে যাওয়ার নির্দেশ দেন বিচারপতি। ৩ মাসের মধ্যে রাজ্যকে নতুন নিয়োগের নির্দেশ দেওয়া হয়।

## তামিলনাড়ুতে ১৮৫৩ কোটি টাকা ব্যয়ে জাতীয় মহাসড়ক – ৮৭'র পার্মাকুডি – রামানাথপুরম বিভাগ'কে চার লেন করার প্রস্তাব কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত

নয়াদিল্লি, ০১ জুলাই, ২০২৫

তামিলনাড়ুতে জাতীয় মহাসড়ক – ৮৭ এর পার্মাকুডি – রামানাথপুরম বিভাগকে চার লেন করার প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে। ১৮৫৩ কোটি টাকা ব্যয়ে মিশ্র অ্যানুইটি মোড (এইচএএম) – এ এটি গড়ে তোলা হবে।

বর্তমানে মাদুরাই, পার্মাকুডি, রামানাথপুরম, মণ্ডপম, রামেশ্বরম এবং ধনুষ্কোডির মধ্যে সংযোগ দুই লেন বিশিষ্ট জাতীয় মহাসড়ক – ৮৭ এবং সংযুক্ত রাজ্য মহাসড়কের উপর নির্ভরশীল। বেশ কিছু এলাকা ঘন বসতি পূর্ণ এবং এই পথে প্রচুর যান চলাচল করায় যানজট এক নিত্যকালীন সমস্যা। এই করিডরে বেশ কিছু বড় শহরও যুক্ত রয়েছে। এই সমস্যা নিরসনে জাতীয় মহাসড়ক – ৮৭ পার্মাকুডি থেকে রামানাথপুরম পর্যন্ত প্রায় ৪৬.৭ কিলোমিটার এলাকাকে চার লেনে উন্নীত করা হবে। এতে যানজটের সমস্যা সমাধানের পাশাপাশি পথ নিরাপত্তা বৃদ্ধি পাবে, সর্বোপরি যানবাহন চলাচলে গতি আসবে।

এই প্রকল্প ৫টি প্রধান জাতীয় মহাসড়ক এনএইচ – ৩৮, এনএইচ – ৮৫, এনএইচ – ৩৬, এনএইচ – ৫৩৬ এবং এনএইচ – ৩২ সহ তিনটি জাতীয় মহাসড়ক এসএইচ – ৪৭, এসএইচ – ২৯ এবং এসএইচ – ৩৪ এর মধ্যে সংযোগ রক্ষা করবে। তামিলনাড়ুর দক্ষিণাঞ্চলে মূল অর্থনৈতিক ও লজিস্টিক ক্ষেত্রগুলির সঙ্গে নিরবচ্ছিন্ন সংযোগ গড়ে তুলবে। এর পাশাপাশি, দুটি প্রধান রেল স্টেশন মাদুরাই, রামেশ্বরম ছাড়াও মাদুরাই বিমানবন্দর এবং ২টি ছোট বন্দর পাম্বাম ও রামেশ্বরমের সঙ্গে মাল্টিমোডাল সংযোগ রক্ষায় কার্যকরি ভূমিকা নেবে। এলাকায় দ্রুত পণ্য ও যাত্রী পরিবহণের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই প্রকল্পটি সম্পূর্ণ হলে পার্মাকুডি ও রামানাথপুরম বিভাগ আঞ্চলিক অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়াও, প্রধান ধর্মীয় স্থান ও অর্থনৈতিক কেন্দ্রগুলির মধ্যে যোগাযোগ আরও মজবুত হবে। রামেশ্বরম ও ধনুষ্কোডি র পর্যটন এতে প্রসারলাভ করবে এবং শিল্প ও বাণিজ্যের বিকাশে নতুন পথ খুলে যাবে।

## জিএসটি এক যুগান্তকারী সংস্কার, যা ভারতের অর্থনৈতিক চালচিত্রকে পুনর্গঠিত করেছে: প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ০১ জুলাই, ২০২৫

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন, জিএসটি এমন এক যুগান্তকারী সংস্কার, যা ভারতের অর্থনৈতিক চালচিত্রকে পুনর্গঠিত করেছে।

এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী বলেছেন, "জিএসটি চালুর ৮ বছর পর দেখা যাচ্ছে, এটি এমন এক যুগান্তকারী সংস্কার, যা ভারতের অর্থনৈতিক চালচিত্রকে পুনর্গঠিত করেছে।

বাধ্যবাধকতার বোঝা কমিয়ে এনে, বিশেষত ছোট ও মাঝারি উদ্যোগ সহ তা ব্যবসায় বহুলাংশে স্বাচ্ছন্দ্য বিধান করেছে।

জিএসটি অর্থনৈতিক বিকাশের এক মূল চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। ভারতীয় বাজারগুলিকে সমন্বিত করে রাজ্যগুলিকে এই যাত্রাপথে সহযোগী করে তোলার মধ্য দিয়ে প্রকৃত সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় কাঠামোর প্রসার ঘটিয়েছে"।

# সিনেমার খবর

## আমিরের তৃতীয় বিয়ে নিয়ে মন্তব্য করে আলোচনায় সালমান

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড সুপারস্টার আমির খানের তৃতীয় বিয়ের গুঞ্জন নিয়ে মুখ খুলেছেন তাঁর বন্ধু সালমান খান। 'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো সিজন থ্রি'-র প্রথম পর্বের ট্রেলারে এই প্রসঙ্গে সালমানের মন্তব্যে নেটদুনিয়ায় শুরু হয়েছে ব্যাপক শোরগোল।

ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুসারে, সম্প্রতি প্রকাশিত ওই ট্রেলারে দেখা যায়, কপিল শর্মার মজার প্রশ্নে সালমান খান বেশ রসিক ভঙ্গিতে উত্তর দেন। কপিল শর্মা তাঁকে বলেন, 'আমির তো থামছে না, আর আপনি শুরুই করছেন না।'

এ কথার উত্তরে সালমান বলেন, 'আমিরের ব্যাপারই আলাদা। তিনি একজন পারফেকশনিস্ট। ও যতদিন না বিয়েকে একদম পারফেক্ট করে নিচ্ছে, ততদিন...।'—এই মন্তব্য শেষ করতে না করতেই সালমান নিজে ও উপস্থিত দর্শকরা হাসিতে ফেটে পড়েন।

এই এপিসোডে অভিনেত্রী অর্চনা পূরণ সিং যখন সালমানকে বিয়ের পরিকল্পনা নিয়ে প্রশ্ন করেন, ভাইজান উত্তরে বলেন, 'আমি বিয়ে করলে আপনাদের কী লাভ? আপনারা কি উপভোগ করবেন যখন আমি আপনাদের জন্য ফুলশয্যা করব? আপনাদের ভালো লাগবে, যদি আপনাদের খুশি করার জন্য আমি নিজে শেষ হয়ে যাই?' সালমানের এই মন্তব্য নিয়েও শুরু হয়েছে নেটিজেনদের নানা আলোচনা।

উল্লেখ্য, আমির খানের জীবনে গৌরী স্প্রাটের সাথে প্রেমের খবর বেশ কিছুদিন ধরেই শোনা যাচ্ছে। যদি তারা বিয়ে করেন, তবে এটি হবে আমিরের তৃতীয় বিয়ে। এর আগে কিরণ রাও এবং রীনা দত্তর সঙ্গে তাঁর বিবাহবিচ্ছেদ হয়েছে।

## হলিউড সিনেমার শুটিংয়ে দুর্ঘটনার মুখে প্রিয়াঙ্কা চোপড়া

স্টাফ রিপোর্টার, রোজদিন



দেশি গার্ল খ্যাত বলিউড অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া এখন হলিউডেও নিজেকে প্রতিষ্ঠিত করছেন। নিক জোনাসের সঙ্গে লস অ্যাঞ্জেলেসে সুখী সংসারের পাশাপাশি আন্তর্জাতিক চলচ্চিত্র ইন্ডাস্ট্রিতেও তিনি নিজের পথ তৈরি করেছেন।

সম্প্রতি এক সাক্ষাৎকারে প্রিয়াঙ্কা জানান, তাঁর সাম্প্রতিক হলিউড ছবি 'হেড অফ স্টেট' শুটিংয়ের সময় একটি অ্যাকশন দৃশ্যে দুর্ঘটনার সম্মুখীন হয়েছেন। তিনি বললেন, "ক্লোজ শটের জন্য কোমরে ক্যামেরা বক্স বাঁধা ছিল। শুটিং চলাকালীন মারাত্মক বৃষ্টির মধ্যে আমি মাটিতে পড়ে যাই। ক্যামেরা খুলে আমার চোখের খুব কাছ থেকে আঘাত করে।"

প্রিয়াঙ্কা আরও বলেন, "চোখের পলক ক্ষতিগ্রস্ত হলেও সৃষ্টিকর্তার কৃপায় চোখের কোনো বড় ক্ষতি হয়নি। তবে এই দুর্ঘটনার পরেও আমি থেমে যাইনি এবং পুরো শুটিং শেষ করেছি।"

আগামী মাসেই মুক্তি পাবে 'হেড অফ স্টেট' ছবি, যেখানে প্রিয়াঙ্কার সঙ্গে অভিনয় করেছেন হলিউড তারকা ইদ্রিস এলবা ও রেসলার-অভিনেতা জন সিনা।

## ১৬ বছরের দাম্পত্য জীবনের ইতি টানলেন বলিউড অভিনেত্রী



স্টাফ রিপোর্টার, রোজদিন

দীর্ঘ ১৬ বছরের বৈবাহিক জীবনের অবসান ঘটালেন জনপ্রিয় বলিউড অভিনেত্রী লতা সাবরেওয়াল। 'ইয়ে রিশতা ক্যা কেহলাতা হ্যায়' ধারাবাহিক ও 'বিবাহ' সিনেমার মাধ্যমে পরিচিতি পাওয়া এই অভিনেত্রী নিজেই সামাজিক যোগাযোগ মাধ্যমে এক বিবৃতির মাধ্যমে জানান, তিনি ও তাঁর স্বামী সঞ্জীব শেঠ আলাদা হয়ে গেছেন।

এক আবেগঘন পোস্টে লতা লেখেন, 'দীর্ঘদিন নীরব থাকার পর জানাচ্ছি, আমি আমার স্বামীর থেকে আলাদা হয়ে গিয়েছি। আমাদের সন্তান আরভের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ। তার ভবিষ্যতের জন্য শুভকামনা রইল। তবে সবার কাছে অনুরোধ, দয়া করে আমার এবং আমার পরিবারের মানসিক শান্তি রক্ষায় এ বিষয়ে প্রশ্ন করা বা যোগাযোগ না করার অনুরোধ জানাচ্ছি।'

২০০৯ সালে বিয়ে করেন লতা ও সঞ্জীব। তার আগেই 'ইয়ে রিশতা ক্যা কেহলাতা হ্যায়' ধারাবাহিকে অক্ষরার (হিনা খানের চরিত্র) বাবা-মায়ের ভূমিকায় একসঙ্গে অভিনয় করতে গিয়ে গড়ে ওঠে তাঁদের সম্পর্ক। বিয়ের পর তাঁদের একমাত্র সন্তান আরভ।

তবে সঞ্জীব শেঠের এটি ছিল দ্বিতীয় বিয়ে। এর আগে ১৯৯৩ সালে অভিনেত্রী রেশম টিপনিসকে বিয়ে করেছিলেন তিনি। সে সংসার ভেঙে যায় ২০০৪ সালে। রেশম ও সঞ্জীবের দুটি সন্তান ঋষিকা ও মানব।

টেলিভিশন ছাড়াও বলিউডের 'ইশক ভিশক', 'বিবাহ' ও 'প্রেম রতন ধন পায়ো' সহ একাধিক সিনেমায় অভিনয় করেছেন লতা সাবরেওয়াল। এছাড়া 'ইশক মে মারজাওয়ান', 'ঘর এক স্বপ্না', 'নাগিন' সহ বহু জনপ্রিয় ধারাবাহিকে ছিলেন তিনি। তবে ২০২১ সালে নিয়মিত টেলিভিশন কাজ থেকে সরে আসেন এ অভিনেত্রী।

# কোন ক্লাবে যোগ দিতে মরিয়া বিশ্বজয়ী মার্টিনেজ?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মৌসুম শেষ হওয়ার আগে থেকেই গুঞ্জন চলছিল, অ্যাস্টন ভিলা ছাড়ছেন এমিলিয়ানো মার্টিনেজ। ঘরের মাঠ ভিলা পার্কে ইংলিশ প্রিমিয়ার লিগের সর্বশেষ ম্যাচে চোখের পানিতে ভক্ত-সমর্থকদের বিদায় জানান তিনি। এরপর থেকেই আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী গোলরক্ষকের ভবিষৎ নিয়ে শুরু হয় আলোচনা।



তবে ভিলা পার্ক ছেড়ে ৩২ বছর বয়সী মার্টিনেজ কোথায় পাড়ি জমাবেন, তা নিয়েই চলছিল নানান গুঞ্জন। গণমাধ্যমের খবর অনুযায়ী, বার্সেলোনা, অ্যাতলেটিকো মাদ্রিদ, এসি মিলান এবং সৌদি ক্লাবগুলো আগ্রহী ছিল বিশ্বকাপজয়ী এই গোলরক্ষকের প্রতি। তবে ইংলিশ ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেডকে পছন্দ মার্টিনেজের।

ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য সান জানিয়েছে, ম্যানইউর কঠিন একটা মৌসুম পার করা স্বত্বেও সমালোচকদের ভুল প্রমাণ করতে চান নিয়মিত গোলরক্ষক আন্দ্রে ওনানা। তবুও এই গ্রীষ্মে নতুন গোলরক্ষক কিনতে পারে ক্লাবটি। কারণ, তাদের দ্বিতীয় পছন্দের গোলরক্ষক আলতায়ে বেইন্দির চলে যাওয়ার জোরালো সম্ভাবনা রয়েছে।

সংবাদমাধ্যমটি আরও জানিয়েছে, ম্যানইউতে ওনানার ভবিষ্যৎ নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে। আর এ সুযোগ কাজে লাগিয়ে ইউনাইটেডের স্কোয়াডে যোগ দিতে উন্মুখ হয়ে আছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই গোলরক্ষক। তবে শুধু মার্টিনেজই আগ্রহী নন, ইউনাইটেডেরও আগ্রহ আছে মার্টিনেজের প্রতি।

এক সূত্রকে উদ্ধৃত করে দ্য সান জানিয়েছে, 'মার্টিনেজ আর্জেন্টিনা দলের সতীর্থ লিসান্দ্রো মার্টিনেজের ঘনিষ্ঠ বন্ধু এবং সে দল বদল করতে আগ্রহী। ইউনাইটেডে যোগ দেওয়ার আশায় সে ইতোমধ্যেই কয়েকটি বড় ক্লাবের প্রস্তাব ফিরিয়ে দিয়েছে। এছাড়া ম্যানইউ কোচ আমোরিম নিজেও মার্টিনেজের বড় ভক্ত। ২০২০ সালে স্পোর্টিং লিসবনে তাকে আনার চেষ্টা করেছিলেন, কিন্তু ভিলার কাছে হেরে যেতে হয় সেবার। তিনি এমন এক দল গড়তে চান যেখানে নেতা এবং ক্যাপ্টেনসুলভ খেলোয়াড় থাকবে, আর মার্টিনেজ সেই চাহিদায় পুরোপুরি ফিট।'

## বাহামাসকে উড়িয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপে কানাডা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আন্তর্জাতিক ক্রিকেটে আরও একবার নিজেদের শক্ত অবস্থান জানান দিল কানাডা। আমেরিকা অঞ্চলের বাছাইপর্বে টানা পাঁচ ম্যাচে জয় তুলে নিয়ে ২০২৬ সালের আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে জায়গা করে নিয়েছে দলটি।

২১ জুন কানাডার কিং সিটিতে অনুষ্ঠিত ম্যাচে বাহামাসকে মাত্র ৫৭ রানে অলআউট করে ৭ উইকেটে জয় নিশ্চিত করে স্বাগতিক কানাডা। এই জয়ে টানা দ্বিতীয়বারের মতো টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল মঞ্চে খেলার টিকিট পেল তারা।

২০২৪ সালে প্রথমবারের মতো বিশ্বকাপ খেলে আয়ারল্যান্ডকে হারিয়ে চমক দেখিয়েছিল কানাডা। এবারের বাছাইপর্বে শুরু থেকেই তারা ছিল ফেভারিট। সেই প্রত্যাশার প্রতিফলন দেখা গেছে মাঠের পারফরম্যান্সেও। প্রতিটি ম্যাচেই আধিপত্য দেখিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হিসেবে বাছাইপর্ব শেষ করল দলটি।

বাহামাসের বিপক্ষে দুর্দান্ত বোলিং করেন কানাডার পেসার কালিম সানা। ৪ ওভারে ২টি মেডেনসহ মাত্র ৬ রান দিয়ে ৩ উইকেট নিয়ে ম্যাচসেরা নির্বাচিত হন তিনি। বাহামাসকে মাত্র ৫৭ রানে অলআউট করে ৫.৩ ওভারে জয় তুলে নেয় কানাডা।

ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হতে যাওয়া ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপে আয়োজক দুই দেশের পাশাপাশি এরই মধ্যে জায়গা নিশ্চিত করেছে আফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, যুক্তরাষ্ট্র, ওয়েস্ট ইন্ডিজ, আয়ারল্যান্ড, নিউ জিল্যান্ড ও পাকিস্তান। এবার সেই তালিকায় যুক্ত হলো কানাডা।

২০ দলের এই টুর্নামেন্টে বাকি ৭টি দল নির্ধারিত হবে আঞ্চলিক বাছাইপর্ব থেকে ইউরোপ ও আফ্রিকা অঞ্চল থেকে দুটি করে এবং এশিয়া ও ইস্ট এশিয়া-প্যাসিফিক অঞ্চল থেকে তিনটি দল বিশ্বকাপে অংশগ্রহণ করবে।

## রোহিত-কোহলির বিশ্বকাপ দলে থাকা নিয়ে সংশয়ে গাঙ্গুলি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ভারতের সাবেক অধিনায়ক সৌরভ গাঙ্গুলি এক সাক্ষাৎকারে বলেছেন, তারকা ক্রিকেটার ভিরাট কোহলি ও রোহিত শর্মার বর্তমান অবস্থা বিবেচনায়, ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপে তাদের মূল দলে জায়গা পাওয়া কঠিন হতে পারে।

তিনি বলেন, 'বয়সের সঙ্গে খেলার সুযোগও কমছে, ফিটনেস ধরে রাখা কঠিন হবে। ২০২৭ সালের বিশ্বকাপ শুরুতে কোহলির বয়স হবে ৩৮, আর রোহিতের হবে প্রায় ৪০ বছর। তাই ওয়ানডে ফর্ম্যাটে দীর্ঘ চাল ধরে রাখার ক্ষেত্রে চ্যালেঞ্জ রয়েছে।'

ভারতের ক্রিকেট বোর্ডের অনুষ্ঠেয় আয়োজিত ৯টি দ্বিপাক্ষিক ওয়ানডে সিরিজ থেকে দেশটি খেলবে ২৭টি ম্যাচ। এক বছরে ১৫টি ম্যাচে ফর্ম ধরে রাখা, সৌরভের মতে সহজ হবে না।

সৌরভ বলেন, 'আমাদের বুঝতে হবে এক সময় এই খেলা ওদের থেকে দূরে সরে যাবে। এ বছর ১৫ ম্যাচ খেলে বিশ্বকাপে দলে জায়গা পাওয়া কঠিন হবে।' তিনি আরও বলেন, 'কোহলি ও রোহিত নিজেরাই খেলা সম্পর্কে জানেন, তাদের সিদ্ধান্ত নেয়ার অধিকার রয়েছে। তাদের জন্য আমার বিশেষ কোনো পরামর্শ নেই।'

বর্তমানে আন্তর্জাতিক ক্রিকেটে কোহলির রান রয়েছে ২৭ হাজারের বেশি, ৮২টি সেঞ্চুরি; আর রোহিতের সংগ্রহ প্রায় ২০ হাজার রান ও ৪৯টি সেঞ্চুরি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR